

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৩০.১৩ - ৭৯৩

তারিখঃ ১/১১/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : টিএসসি/মুন্সি/টেভার/১৬-১৭/৯২৮, তারিখ: ২৪/০৭/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ক) পিপিআর-২০০৮ এ বিদ্যমান "Annual Procurement Plan" এর 'ছক' -এ ক্রয় প্রক্রিয়াকরণের জন্য উল্লিখিত তারিখ এবং তাঁর প্রতিষ্ঠান হতে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের পক্ষে উল্লিখিত তারিখ বাস্তব সম্মত নয়। অর্থাৎ প্রস্তাবিত "বার্ষিক ক্রয় পরিকল্পনা" প্রাপ্তির তারিখ ১৭/১০/২০১৬ খ্রিঃ যা বাস্তব সম্মত নয়।
- খ) ৪৮৩৪-খেলার সামগ্রী উপধাতে মালামালের তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- গ) ৪৮৩১-বইপত্র সাময়িকী ও ৪৮৯৯-অন্যান্য ব্যয় উপধাতের তালিকা সংযুক্ত করা হয়নি।
- ঘ) ৪৮৫২-রাসায়নিক দ্রব্যাদি উপধাতে রসায়নে অন্যান্য আনুষঙ্গিক মালামাল (রাসায়নিক নয়) ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ঙ) ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি/সম্পদ এবং অন্যান্য আনুষঙ্গিক মালামাল ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- চ) ৪৮৮৮-কম্পিউটার সামগ্রী উপধাতের তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ছ) ৪৯০৬-আসবাবপত্র মেরামত এবং ৪৯৯১-অন্যান্য মেরামত ও সংরক্ষণ উপধাতের তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- জ) ৪৯১১-কম্পিউটার ও অফিস সরঞ্জাম উপধাতে আসবাবপত্র মেরামতের প্রস্তাব প্রেরণ করা হয়েছে, ৪৯১৬-যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত উপধাতে সম্পদ (প্রিন্টার) মেরামতের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ঝ) ৬৮১৩-যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম উপধাতের তালিকায় একক কোম্পানির নাম উল্লেখ করা হয়েছে যা বিধি সম্মত নয়।
- ঞ) ৬৮১৯-উপধাতে অফিস সরঞ্জাম ক্রয়ের প্রস্তাব না করে আনুষঙ্গিক মালামাল ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ট) ৬৮২০-শিক্ষা উপকরণ উপধাতে কম্পিউটারের কমপ্লিট সেট ক্রয়ের জন্য প্রস্তাব না করে আলাদা আলাদা পার্টস ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে ট) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


২.১১.২০১৬
(মোঃ মিজানুর রহমান)

যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)

ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ
মুন্সিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ
দরগাবাড়ী, রিকাবী বাজার, মুন্সিগঞ্জ।

অনুলিপি :

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।